

গান

তানে তানে প্রাণে প্রাণে
গাঁথ নন্দনহার ।
পূর্ণ কররে গগন-অঙ্গন
তাঁর নন্দনগানে ॥

তোমারে জানিনে হে তবু মন তোমাতে ধায় ।
তোমারে না জেনে বিশ্ব তবু তোমাতে বিরাম পায়
অসীম সৌন্দর্য্য তব কে করেচে অনুভব হে,
সে মাধুরী চির নব,
আমি না জেনে প্রাণ সঁপেচি তোমায় ।
তুমি জ্যোতির জ্যোতি আমি অন্ধ অঁধারে ;
তুমি মুক্ত মহীয়ান, আমি মগ্ন পাথারে ;
তুমি অন্তহীন, আমি ক্ষুদ্র দীন,
কি অপূর্ব মিলন তোমায় আমায় ॥

কে যায় অমৃত-ধাম-যাত্রী ।
আজি এ গহন তিমির রাত্রি,
কাঁপে নভ জয় গানে ॥

আনন্দ রব শ্রবণে লাগে,

সুপ্ত হৃদয় চমকি জাগে,

চাহি দেখে পথপানে ॥

ওগো রহ রহ, মোরে ডাকি লহ, কহ আশ্বাস বাণী ।

যাব অহরহ সাথে সাথে

স্বখে দুখে শোকে দিবসে রাতে

অপরাজিত প্রাণে ॥

অসীম কালসাগরে ভুবন ভেসে চলেচে ।

অমৃত-ভবন কোথা আছে তাহা কে জানে ॥

হের, আপন হৃদয়-মাঝে ডুবিয়ে, এ কি শোভা !

অমৃতময় দেবতা সতত

বিরাজে এই মন্দিরে, এই স্তম্ভ-নিকেতনে ॥

দুঃখরাতে হে নাথ, কে ডাকিলে,

জাগি হেরিনু তব প্রেম-মুখ-ছবি ॥

হেরিনু উষালোকে বিশ্ব তব কোলে,

জাগে তব নয়নে প্রাতে শুভ্র রবি ॥

শুনিবু বনে উপবনে আনন্দ-গাথা,

আশা হৃদয়ে বহি নিতা গাহে কবি ॥